দৈনিক ইত্তেফাক

তারিখ 22 JUN 1995
পৃষ্ঠা ৩ কলাম ৫

চট্টগ্রাম ভার্সিটি

# ভর্তি পরীক্ষায় অনেক ভুয়া পরীক্ষার্থী

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অনার্স বিষয় ভর্তি পরীক্ষায় অনেক ভুয়া পরীক্ষার্থী অন্যের পরীক্ষা দিয়াছে বলিয়া ইতিমধ্যে প্রমাণ মিলিয়াছে। এই মাসের দ্বিতীয় সপ্তাহ হইতে বিভিন্ন ইউনিটের মৌখিক পরীক্ষা শুরু হইলে এ পর্যন্ত ১৯ (উনিশ) জন ভুয়া পরীক্ষার্থী কর্তৃপক্ষের

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## চট্টগ্রাম ভার্সিটিতে

( ৩য় পৃঃ পর )

হাতে ধরা পড়িয়াছে। তাহাদের ৯ জনকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পুলিশের হাতে সোপর্দ করিলে বিভিন্ন মেয়াদে ডিটেনশন দিয়া কারাগারে প্রেরণ করা হয়। বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে এই ধরনের বেশী সংখ্যা ভুয়া পরীক্ষার্থী এই প্রথম বলিয়া কর্তৃপক্ষ জানান। তবে এ ক্ষেত্রে ডীনবৃন্দের অবদান সবচেয়ে বেশী। কারণ কয়েক বৎসর যাবৎ ইউনিটভিত্তিক ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইলেও মৌখিক পরীক্ষায় তেমন যাচাই-বাছাই করা হইত না। এই বারই প্রথম লিখিত পরীক্ষার প্রশ্নের আলোকে পরীক্ষার্থীকে যাচাই করার ব্যবস্থা রাখা হয়। ইহারই ভিত্তিতে লিখিত পরীক্ষায় ভুয়া পরীক্ষার্থীদের উপস্থিতি ধরা পড়িয়াছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানান, একটি চক্র এ ব্যাপারে প্রত্যক্ষভাবে জড়িত। ইতিমধ্যে একজন ভুয়া ছাত্রকে বাহির করিয়া দেওয়াতে একটি সংগঠনের কিছু উচ্ছৃংখল কর্মী 'খ' ইউনিটের ডীনের উপর চড়াও হয়